**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি'র মুখ্য কার্যনির্বাহী সদস্য হিসাবে রুনেইল দেববর্মার শপথ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকার রাজ্যেই উন্নত চিকিৎসা পরিষেবা জনগণের কাছে পৌঁছে দিচ্ছে।**

**(৩) ভারত এবং ভিয়েতনামের মধ্যে আজ বিভিন্ন ক্ষেত্রে সমঝোতা স্মারকপত্র স্বাক্ষরিত।**

**(৪) আগরতলার আই.জি.এম হাসপাতালে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য আজ থেকে চাইল্ড এনরোলমেন্ট লাইট ক্লাইন্ট কিটের মাধ্যমে আধার নিবন্ধন কার্যক্রম শুরু।**

****************************************

**TTADC-Oath Taking :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য হিসেব রুনেইল দেববর্মা আজ শপথ গ্রহণ করেছেন। তাছাড়া কার্যনির্বাহী সদস্য হিসাবে শপথ নিয়েছেন সি কে জমাতিয়া। রাজ্যের আইন সচিব শংকরী দাস এডিসি সদর দপ্তর খুমুলুঙের নুয়াই অডিটোরিয়ামে আনুষ্ঠানিকভাবে তাঁদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন পরিষদের মুখ্য নির্বাহী অফিসার রাভেল হেমেন্দ্রকুমার। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, বিধায়ক রঞ্জিত দেববর্মা, বিশ্বজিৎ কলই, তিপরা মথা দলের সভাপতি বিজয় রাঙ্খল, এডিসি'র প্রাক্তন চেয়ারম্যান জগদীশ দেববর্মা প্রমুখ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার রেফারেল হাসপাতালগুলিতে অত্যাধুনিক চিকিৎসা পরিকাঠামোর ব্যবস্থা করে রাজ্যেই উন্নত চিকিৎসা পরিষেবা মানুষের কাছে পৌঁছে দিয়েছে। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষুর ৬৫তম পর্বে চিকিৎসা সংক্রান্ত ও অন্যান্য সহায়তার জন্য আগত মানুষদের সহায়তার আশ্বাস দিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যবাসীকে সুস্থ রাখা এবং চিকিৎসার জন্য যেন ব্যক্তিগতভাবে বেশি টাকা ব্যয় করতে না হয় তার ব্যবস্থা করা। সেইজন্য বর্তমানে রাজ্যেই কিডনি প্রতিস্থাপন সহ নানা জটিল অপারেশন সাফল্যের সাথে করা সম্ভব হচ্ছে। রেফারেল হাসপাতালগুলিতে জটিল চিকিৎসা করানোর ক্ষেত্রে রাজ্যের মানুষের আরও বেশি করে আস্থা বজায় রাখতে হবে। অযথা নিজেদের অর্থ ব্যয় করে রাজ্যের বাইরের বেসরকারি হাসপাতালে যাওয়ার প্রবণতা আরও কমাতে হবে।

*************************

**Package Story-PM Viswakarma :**

একজন দক্ষ কারিগর হিসেবে নিজের পেশাগত কাজ এবং শিল্প ভিত্তিক উদ্যোগকে আরও বড় করতে চাইলে আজকের দিনে অনবদ্য বিকল্প সুযোগ নিয়ে এসেছে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা। রাজ্যে ইতিমধ্যেই এই প্রকল্পের সুফল পেতে শুরু করেছেন এরকম কারিগররা। ঊনকোটি জেলাতেও এই প্রকল্পের নানা সুবিধা সহজলভ্য করতে প্রয়াস চলছে। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

*************************

**CM-Training Camp :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম স্তরের মানুষের কাছে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌছে

দেবার লক্ষে কাজ করছে রাজ্য সরকার। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাঅভিযান কর্মসূচিতে মন্ডল প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে এবং সঠিকভাবে সুবিধা পৌঁছে দিতে দলের কর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

**************************

**Mayor-City Hospital :**

মেয়র দীপক মজুমদার বলেছেন, আগরতলার জেকশন গেইটে খুব শীঘ্রই ৫০ শয্যার সিটি হাসপাতাল চালু হবে। তিনি আজ এই হাসপাতালের কাজের অগ্রগতি খতিয়ে দেখেন।

****************************

**PMAY-G :**

খোয়াই জেলার জেলা শাসক রজত পান্থ এর পৌরোহিত্য আজ এক বৈঠকে জেলার ৬টি ব্লক এলাকায় ভি-বি জি-রাম-জি এবং পি এম এ ওয়াই গ্রামীন এই দুটি প্রকল্পের বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলাশাসক জানান, গ্রামীণ এলাকায় এই দুটি প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান বাড়ানোর জন্য বৈঠকে গুরুত্ব দেওয়া হয়।

******************************

**Assam Rifles :**

অপারেশন সিন্দুর -এর এক বছর পূর্তি উপলক্ষে আজ আসাম রাইফেলসের উদ্যোগে আগরতলায় বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে অপারেশন সিন্দুরের গুরুত্ব তুলে ধরা হয়। দেশের নিরাপত্তায় সশস্ত্র বাহিনীর সাহসিকতা ও দায়িত্ববোধের কথা উল্লেখ করা হয়।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**India and Vietnam MoU :**

ভারত এবং ভিয়েতনাম আজ ডিজিটাল প্রযুক্তি, বিরল খনিজ, চিকিৎসা পণ্য নিয়ন্ত্রণ, পাবলিক সেক্টর অডিট, ডিজিটাল পেমেন্ট সিস্টেম এবং সংস্কৃতি ও পর্যটনের ক্ষেত্রে কয়েকটি সমঝোতা স্মারকপত্রে স্বাক্ষর করেছে। আজ বিকেলে নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ভিয়েতনামের রাষ্ট্রপতি টু লামের মধ্যে আলোচনার পর এগুলো স্বাক্ষরিত হয়। উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারত ও ভিয়েতনামের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন দুই দেশের যৌথ ঐতিহ্যকে বাঁচিয়ে রাখতে ভারত ভিয়েতনামের প্রাচীন চম্পা সভ্যতার মাই সন এবং নান তাউ মন্দির পুনরুদ্ধার করছে।

##### Byte-PM #####

**************************

**Child-Adhaar Registration :**

আগরতলার আই.জি.এম হাসপাতালে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য আজ থেকে চাইল্ড এনরোলমেন্ট লাইট ক্লাইন্ট কিটের মাধ্যমে আধার নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে। উদ্বোধন করেন স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মা। তিনি বলেন, শিশুদের ডিজিটাল পরিচয় নিশ্চিত করতে এই উদ্যোগ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। হাসপাতাল থেকেই শিশুদের আধার নিবন্ধনের সুবিধা চালু হওয়ায় সাধারণ মানুষের ভোগান্তি কমবে এবং নবজাতক ও শিশুদের দ্রুত সরকারি পরিষেবার আওতায় আনা সম্ভব হবে। তিনি আরও জানান, জন্মের পর থেকেই আধার নিবন্ধনের সুবিধা চালু হওয়ায় স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা ও অন্যান্য সরকারি পরিষেবার সঙ্গে শিশুদের সহজে সংযুক্ত করা যাবে।

******************************

**Victory Rally :**

পশ্চিমবঙ্গ, আসাম ও পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের জয়ের পরিপ্রেক্ষিতে বনমালীপুর বিজেপি মন্ডলের উদ্যোগে আজ আগরতলা শহরের এক বিজয় মিছিলের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

এদিকে, বিজেপি'র চন্ডীপুর মন্ডল কমিটির উদ্যোগে আজ কৈলাশহরে এক বিজয় মিছিল অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়, চন্ডীপুর মন্ডল কমিটির সভাপতি পিন্টু ঘোষ প্রমুখ।

**************************

**LPG :**

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, সারা দেশে গার্হস্থ্য এল.পি.জি বিতরণ স্বাভাবিক রয়েছে। আজ নতুন দিল্লিতে আন্তঃমন্ত্রণালয়ের পক্ষ থেকে সংবাদমাধ্যমের সঙ্গে আলোচনার সময়, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব,

সুজাতা শর্মা জানিয়েছেন, পশ্চিম এশিয়ার সংকটের মধ্যে, কেন্দ্রীয় সরকার রান্নার ক্ষেত্রে গ্রাহকদের জন্য একশ' শতাংশ গার্হস্থ্য এল.পি.জি এবং বাণিজ্যিক সিলিন্ডারের ভোক্তাদের ৭০ শতাংশ পর্যন্ত সরবরাহ নিশ্চিত করতে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি আরও জানান, এল.পি.জি সিলিন্ডারের প্রায় ৯৫ শতাংশ বিতরণ কোডের মাধ্যমে করা হচ্ছে। যুগ্ম সচিব জানান, প্রায় ৬ লক্ষ ৩১ হাজার নতুন পি.এন.জি সংযোগ সৃষ্টি করা হয়েছে এবং অতিরিক্ত ২ লক্ষ ৬৭ হাজার সংযোগের জন্য পরিকাঠামো তৈরি করা হয়েছে।

****************************

**CBFC :**

কেন্দ্রীয় সরকার শশী শেখর ভেমপতিকে সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশনের চেয়ারপার্সন পদে নিযুক্ত করেছে। কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রকের পক্ষ থেকে আজ এক বিজ্ঞপ্তি মূলে শ্রী ভেমপতিকে এই নিযুক্তি দেওয়া হয়। তিনি যোগদানের তারিখ থেকে তিন বছরের জন্য এই পদে অধিষ্ঠিত থাকবেন।

প্রসার ভারতীর চেয়ারম্যান হিসেবে প্রসূন যোশীর পদোন্নতির পরিপ্রেক্ষিতে তিনি সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশনের চেয়ারপার্সনের পদ থেকে সরে দাঁড়িয়েছেন। সেই পরিপ্রেক্ষিতে শ্রী ভেমপতিকে সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন' এর চেয়ারপার্সন পদে নিযুক্ত করা হয়।

*************************

**Approval of Railway Projects-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মধ্যপ্রদেশ, রাজস্থান, উত্তরপ্রদেশ, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানা জুড়ে ১৯টি জেলাকে রেল প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য মন্ত্রিসভার অনুমোদনকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী বলেছেন, এই প্রকল্পগুলো দেশের পরিকাঠামো ও অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করার পাশাপাশি সংযোগ ব্যবস্থা উন্নত করবে এবং পরিচালনগত

দক্ষতা বাড়াবে। তিনি উল্লেখ করেন, এই প্রকল্পগুলো দেশজুড়ে গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্রগুলোতে যাতায়াতের সুযোগ আরও উন্নত করবে।

**********************

**NSD Drama Wing :**

ন্যাশানাল স্কুল অফ ড্রামার থিয়েটার ইন এডুকেশন ত্রিপুরার উদ্যোগে আজ থেকে আগরতলার টাউন হলে ছোটদের নাট্য সমারোহ উড়নে দো শুরু হয়েছে। তিনদিনের এই নাট্য সমারোহের শেষে আগামী ৯ই মে সন্ধ্যায় সাধারণ দর্শকদের জন্য অতিরিক্ত প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রথম তিন দিন শহরের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের জন্য নাটক উড়নে দো প্রদর্শন করা হবে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

*************************